

03

[Handwritten signature]

**প্রাথমিক বৃত্তি পরীক্ষার
ফল প্রকাশ**

১৯৮৯ সনে অনুষ্ঠিত প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল আজ ঘোষণা করা হয়েছে। সারাদেশে ১ লাখ ৬০ হাজার ১শ' ১ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ২ হাজার ৩শ' ১২ জন টেলেন্টপুলে এবং ৯ হাজার ৭শ' ১২ জন সাধারণ গ্রেডে বৃত্তি পেয়েছে। স্ব স্ব জেলা, উপজেলা শিক্ষা অফিস বা উপজেলা চেয়ারম্যানের কার্যালয়ে ফলাফল পাওয়া যাবে। এছাড়াও প্রাথমিক শিক্ষার বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়েও ফলাফল জানা যাবে। তথ্যবিবরণী।

পরীক্ষায় ঢাকা বিভাগের ৪৬,৮৮৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৬৭৭ জন টেলেন্টপুল এবং ২৭৭০ জন সাধারণ গ্রেডে, বুলনা বিভাগের ২৭০৮৮ জন পরীক্ষার্থীদের মধ্যে ৪৭১ জন টেলেন্টপুল এবং ১৯৬৪ জন সাধারণ গ্রেডে, চট্টগ্রাম বিভাগের ৪২৯৬৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৬০৪ জন টেলেন্টপুল এবং ২৬৩০ জন সাধারণ গ্রেডে এবং রাজশাহী বিভাগের ৪৩১৫৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৫৬০ জন টেলেন্টপুল এবং ২৩৫৮ জন সাধারণ গ্রেডে বৃত্তি লাভ করেছে।